বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

দৈনিক সংবাদ

028

তারিখ ... 03 OCT. 1988 ...
পৃষ্ঠা ... ... ... 7 ... ...

২৯

# পুরনো ঢাকার অধিকাংশ স্কুল কলেজে এ সপ্তাহে ক্লাস শুরু হতে পারছেনা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)। সরকারী নির্দেশ অনুযায়ী গত শনিবার থেকে রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ক্লাস শুরু হবার কথা ছিল। কিন্তু ত্রাণ-শিবির হিসেবে ব্যবহৃত অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে গতকাল রোববারেও ক্লাস শুরু করা যায়নি। পুরোনো ঢাকার অধিকাংশ স্কুল-কলেজে এ সপ্তাহে ক্লাস শুরু হতে পারছেনা বলে জানা গেছে।

জগন্নাথ কলেজ আগামী ১০ই অক্টোবর এবং কবি নজরুল কলেজ, ইসলামিয়া হাই স্কুল ও ঢাকা গভঃ মুসলিম হাই স্কুলে ৮ তারিখ থেকে ক্লাস শুরু হবে। মিউনিসিপ্যাল কর্পোরেশনের নির্দেশে এসব শিক্ষা প্রতিষ্ঠানের ত্রাণ শিবিরে গত শুক্রবার থেকে রিলিফ দেয়া বন্ধ করে শনিবার মানুষজন সরিয়ে দেয়া হলেও পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ এখনো শেষ হয়নি।

শনিবার পর্যন্ত মনিজা রহমান

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ৪টি ত্রাণ শিবির

(১ম পাতার পর)

ত্রাণশিবির চালু ছিল। এগুলোতে ৬৯০১ জন বন্যার্ত মানুষ রয়েছেন। নিউমার্কেটের তিনতলায় অবস্থিত ত্রাণ শিবিরে ৯২৫, মুগদাপাড়া কমিউনিটি সেন্টার ত্রাণশিবিরে ১৮০০, মগবাজার কমিউনিটি সেন্টার ত্রাণশিবিরে ৩ হাজার এবং নির্মাণাধীন জেনারেল ওসমানী হোটেল ত্রাণশিবিরে ১,১৭৬ জন বন্যাদুর্গত মানুষ আছেন। ঢাকা পৌর কর্পোরেশন এবং পুলিশ সূত্রে এ খবর জানা গেছে।

বন্যাদুর্গত লোকদের আশ্রয় দেয়ার জন্য রাজধানীর বিভিন্ন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান ও কমিউনিটি সেন্টার সহ অন্যান্য নিরাপদ স্থানে ৪৭৬টি ত্রাণ-শিবির খোলা হয়েছিল। এ-গুলোতে সাড়ে ১০ লাখেরও বেশী বন্যার্ত মানুষ আশ্রয় নিয়েছিলেন। পর্যায়ক্রমে ত্রাণ শিবিরগুলো বন্ধ হতে থাকে। গত ১লা অক্টোবর থেকে রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলো খোলার কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে ৪।৫ দিন আগে হতেই ত্রাণ-শিবিরগুলোও দ্রুত বন্ধ হতে থাকে।

Receiver's Signature

Date :